

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৭জি-২৭৬(ক-৩)/২০০৫/১৪৬৭/৫

তারিখ : ০৫/০১/১৪২৬ বঙ্গাব্দ
১৫/০৪/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : বয়স ৬০(ষাট) বছর পূর্ণ হওয়ায় অধ্যক্ষের দায়িত্বভার হস্তান্তর।

সূত্র : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর নং ১৫২৫ তারিখ : ০১/০৮/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিএন কলেজ ঢাকার অধ্যক্ষ জনাব মো: মোসলেহ উদ্দিন এর বয়স ৬০(ষাট) বছর পূর্ণ হয়েছে। জনবল কাঠামো-২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ অনুযায়ী “বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/ সহ: প্রধান/শিক্ষক-কর্মচারীরেক কোন অবস্থাতেই পুন: নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে না”। এছাড়াও মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা স্মারক নং ১৫২৫ তারিখ : ০১/০৮/২০১৮ এর নির্দেশনা মোতাবেক বয়স ৬০(ষাট) বছর পূর্ণ হওয়ায় উক্ত তারিখের পর অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করার সুযোগ নাই। মন্ত্রণালয়ের পরিপত্র নং শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪ তারিখ : ০৯/০৭/২০১২ মোতাবেক অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায়, জনবল কাঠামো-২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের ০১/০৮/২০১৮ খ্রি. তারিখের ১৫২৫ নং স্মারকপত্রের নির্দেশনা মোতাবেক বয়স ৬০(ষাট) বছর পূর্ণ হওয়ায় বিধি মোতাবেক অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনের সুযোগ না থাকায় মন্ত্রণালয়ের পরিপত্র নং শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪ তারিখ : ০৯/০৭/২০১২ মোতাবেক অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষকের নিকট অধ্যক্ষের দায়িত্বভার হস্তান্তর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd

জনাব মো: মোসলেহ উদ্দিন

অধ্যক্ষ

বিএন কলেজ ঢাকা

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সভাপতি, গভর্নিং বডি, বিএন কলেজ ঢাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬;
- ০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- ০৩। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
- ০৪। জেলা শিক্ষা অফিসার, ঢাকা;
- ০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা;
- ০৬। সংরক্ষণ নথি।